দৈনিক ইনকিলাব

18 AUG 1987



# এস এস সি ও এইচ এস সি পরীক্ষার্থীদের প্রবেশ পত্রে ছবি থাকবে

॥ আবদুর রহিম ॥

১৯৮৮ সাল থেকে এস এস সি ও এইচ এস সি পরীক্ষার ছাত্র-ছাত্রীদের প্রবেশ পত্রের সাথে ছবি সংযোজনের পদ্ধতি প্রবর্তিত হবে।

'৮৮ সাল থেকে স্কুল সার্টিফিকেট পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের পরীক্ষার দাখিলা ফরমের

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## প্রবেশপত্রে ছবি

প্রথম পৃষ্ঠার পর

সাথে দু'কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করার জন্যে শিক্ষা বোর্ডসমূহ আগামী কয়েক দিনের মধ্যেই সব স্কুল ও কলেজসমূহের প্রতি নির্দেশ জারি করবে বলে একটি বিশ্বস্ত সূত্রে জানা গেছে। ২ কপি ছবির এক কপি রেজিস্ট্রেশন ফরম ও অপর কপি এডমিট কার্ডের সাথে সংযুক্ত করা হবে বলে সূত্র জানায়।

উল্লেখিত নির্দেশ অনুযায়ী ১৯৮৮ সাল থেকে নবম শ্রেণীর ক্ষেত্রেও রেজিস্ট্রেশন কার্ড বোর্ডে পাঠানোর সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীর ২ কপি ছবি জমা দিতে হবে। এসএসসি ও এইচএসসি পরীক্ষার ছাত্র-ছাত্রীদের ভুয়া রেজিস্ট্রেশন ও ভুয়া পরিচয়দানকারী পরীক্ষার্থীদের সংখ্যা আশংকাজনকহারে বৃদ্ধি পাওয়ায় তা বন্ধের জোর দাবী উত্থাপিত হয়ে আসছিল বিধায় এ ব্যবস্থা নেয়া হয়েছে বলে সূত্র উল্লেখ করেছে।